

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১১৮.২৩ নথির বিষয়: Cleaning of all water hyacinth, Garbage, Trush etc from Mirdhabari to Mollah Bridge of DND Canal.

নোট: ১ নোটের বিষয়: Cleaning of all water hyacinth, Garbage, Trush etc from Mirdhabari to Mollah Bridge of DND Canal.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৮/৭/২৩ ১:৩২ অপরাহ্ন

সায়োদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়োদাবাদ পানি শোধনাগারের Raw এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। আলোচ্য কাজটি “র”ওয়াটার পরিবহনের সাথে সম্পর্কিত বিধায় অত্র বিভাগ হতে নথিটি উপস্থাপন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৮/৭/২৩ ১:৩৩ অপরাহ্ন

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ডিএনডি খালের কান্ট্রি সাইডের এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অপ্রয়োজনীয় অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। খালের উপর ৫ টি ব্রিজ, ৩ টি কালভার্ট ও এলাকা কেন্দ্রিক বাজার থাকায় ঐ সব স্থানে লোকজন ময়লা-আবর্জনা, মরা প্রাণী, জবাই করা পশু-পাখির নাড়ি-ভূড়ি, হাড় ইত্যাদি খালে ফেলানোর সুযোগ পায়। তাছাড়া ডিএনডি খালের পাশেই গড়ে উঠা শিল্প-কারখানা, প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে। বর্তমানে ডি এন ডি খালের মৃধাবাড়ী হতে মোল্লাব্রীজ পর্যন্ত প্রাকৃতিকভাবে জন্মানো কচুরীপানা ও কলমিলতা দিয়ে বেশকিছু অংশ পূর্ণ হয়েছে(সংযুক্ত ক্রমিক নং-২ দ্রঃ)। কচুরীপানার নিচের অংশ পঁচে “র”ওয়াটারের সাথে মিশে পানির গুণগত মান ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়া ডাম্পিংকৃত ময়লা-আবর্জনা কচুরীপানার উপর ভাসতে থাকে। এতে নদীর পানি ভাল হওয়ার পরও আশানুরূপ ভাল মানের পানি পাওয়া যাচ্ছে না। খালের তীরবর্তী স্থান হতে স্তুপাকৃতি ময়লা-আবর্জনা গড়িয়ে পানিতে পড়ে ভাসমান অবস্থায় প্রবাহিত হয়ে মৃধাবাড়ী স্ক্রীনে আটকে থাকে। এছাড়াও ডি এন ডি খালে ভাসমান ময়লা-আবর্জনা যেমন পলিথিন, কাগজ, ডাবের ছোবা, খড়কুটা, পচা কচুরীপানা ইত্যাদি পানিতে মিশে গিয়ে পানি মারাত্মকভাবে দূষিত হচ্ছে। এতে পানির স্বাভাবিক প্রবাহে বাধাগ্রস্ত হচ্ছে তৎসঙ্গে পানির গুণগত মান ভাল অবস্থায় রাখা সম্ভব হচ্ছেনা। ফলে কচুরীপানা ও অন্যান্য ময়লা-আবর্জনার কারণে পানি প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে এবং এরোটর জোন থেকে পানিতে অক্সিজেনের পরিমাণ কমে যাচ্ছে। কাজেই জরুরী ভিত্তিতে ডি এন ডি খালের মৃধাবাড়ী হতে মোল্লাব্রীজ পর্যন্ত খালের ভিতরে কচুরীপানা এবং অন্যান্য ময়লা-আবর্জনা সম্পূর্ণরূপে পরিষ্কার করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, ডিএনডি খালে পানির স্বাভাবিক প্রবাহ বৃদ্ধি পাবে সে সাথে পানির গুণগত মান ভাল অবস্থায় রাখার জন্য সহায়ক হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৮/৭/২৩ ১:৩৪ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহ করা হবে। উল্লেখ্য, কাজটি অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৩৩ এবং প্যাকেজ নং- W-44 এ অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০১ দ্রঃ)।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৮/৭/২৩ ১:৩৪ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান করা যেতে পারে। এই কাজের জন্য অভিজ্ঞ ঢাকা ওয়াসার তালিকভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে যোগ্য ঠিকাদার নিয়োজিত করার লক্ষ্যে অত্র বিভাগ হতে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের প্রস্তাবনা দেয়া হয়েছে।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৮/৭/২৩ ১:৩৮ অপরাহ্ন

কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রনয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে ক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ থাকবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রনয়ন, দরপত্র আহবান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) এর অনুকূলে ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেট ও অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। বর্তমান খালের চিত্র।
- ৩। ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের কপি।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৮/৭/২৩ ২:০২ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.৪ পর্যন্ত এর বিস্তারিত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে, Cleaning of all water hyacinth, Garbage, Trush etc from Mirdhabari to Mollah Bridge of DND Canal. শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৭,৫৯০.০৮৯ (চার লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত নব্বই দশমিক শূন্য আট নয় মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহ করতে অনুমোদন।

উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ঢাকা ওয়াসা

			
২৯/৭/২৩ ১১:২৮ পূর্বাহ্ন মোঃ আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ১:৫১ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ১:৫৪ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ১:৫৪ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ৩০/৭/২৩ ২:০২ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.5

	
৩০/৭/২৩ ২:০৫ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩০/৭/২৩ ২:০৫ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ৩০/৭/২৩ ৪:০১ অপরাহ্ন

অনুমোদিত

			
৩০/৭/২৩ ৪:০১ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩০/৭/২৩ ৪:২৩ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৪/৯/২৩ ৫:১১ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৪/৯/২৩ ৫:১১ অপরাহ্ন মোঃ আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)